দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 29 OCT 2016 ...
পৃষ্ঠা: ১ ... কলাম: ১ ...

# বদলির তদ্বিরে শিক্ষা মন্ত্রণালয়ে আসায় নিষেধাজ্ঞা

**স্টাফ রিপোর্টার ॥** ক্লাস ফাঁকি দিয়ে বা দায়িত্বে অবহেলা করে বদলির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে তদ্বিরে আসা বন্ধে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বদলির আশায় শিক্ষা মন্ত্রণালয়ে আসা বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারসংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে বলেও হুঁশিয়ারি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

তদ্বির নিষিদ্ধ করে শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-৬ (কলেজ) থেকে শিক্ষক-কর্মকর্তাদের নিরুৎসাহিত করে এ সংক্রান্ত একটি আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। ইতোমধ্যেই আদেশের কপি ওয়েবসাইটে (www.moedu.gov.bd) আপলোড করা হয়েছে।

আদেশে বলা হয়েছে, বদলি সংক্রান্ত আবেদনের হার্ডকপি কোনভাবেই শিক্ষা মন্ত্রণালয়ে গ্রহণ করা হবে না। একই সঙ্গে বদলিসংক্রান্ত আবেদন

(২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## বদলির তদ্বিরে

(প্রথম পৃষ্ঠার পর)

নিয়ে সশরীরে আসা যাবে না। এতে আরও বলা হয়, জরুরী প্রয়োজনে মন্ত্রণালয়ে আসতে হলে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আসতে হবে। অন্যথায় ক্লাস ফাঁকি কিংবা দায়িত্বে অবহেলা করে মন্ত্রণালয়ে আগমনকারী শিক্ষক-কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় আরও জানিয়েছে, প্রতিদিনই দেশের বিভিন্ন স্থান থেকে বদলির তদ্বির নিয়ে মন্ত্রী, সচিব এবং কর্মকর্তাদের শরণাপন্ন হচ্ছেন শিক্ষক-কর্মকর্তারা। এতে শিক্ষা মন্ত্রণালয়ের স্বাভাবিক কাজকর্মে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। বদলিপ্রত্যাশীরা ঢাকাতেই বদলির তদ্বির করেন। তদ্বিরে আসা শিক্ষকদের সঙ্গে মন্ত্রণালয়ের কিছু কর্মচারী অর্থ লেনদেন করে থাকেন। এ অবস্থায় বদলির জন্য সশরীরে আসা নিষিদ্ধ করে শিক্ষক-কর্মকর্তাদের অনলাইনে আবেদনের পরামর্শ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ উল্লেখ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, মাদ্রাসা শিক্ষা অধিদফতর এবং কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এবং সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের কাছে চিঠি পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, অনলাইনে প্রাপ্ত বদলির আবেদন যাচাই-বাছাই করে নিয়মানুযায়ী সিদ্ধান্ত নেবে মন্ত্রণালয়। এতে কর্মকর্তাদের ভোগান্তি কমবে এবং স্বচ্ছতা আসবে। বদলির আবেদন ই-মেলে (ds_college@moedu.gov.bd) এবং সিসি (sas_coll@moedu.gov.bd) মেলে পাঠাতে পরামর্শ দেয়া হয়েছে। এ সংক্রান্ত আবেদনের নমুনা ওয়েবসাইটে প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়।